**-ঃ গাইবান্ধা সদর উপজেলা পরিষদের জুন, ২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী ঃ-**

সভাপতি : শাহ সারোয়ার কবীর
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গাইবান্ধা সদর, গাইবান্ধা।
তারিখ : ২৬ জুন, ২০২৩ সকাল ১১:৩০ টা।
স্থান : হলরুম, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক' হাজিরা) ঃ**

জনাব শাহ সারোয়ার কবীর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধার সভাপতিত্বে জুন, ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ধারাবাহিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা অনিবার্য কারণবশত যথাসময়ে মাসিক সভা অনুষ্ঠান না করার জন্য দুঃখ প্রকাশ করেন। পরবর্তী মাসে সঠিক সময়ে মাসিক সভা অনুষ্ঠানের বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভায় উপজেলা নির্বাহী অফিসার সভার আলোচ্যসূচি মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর মাসিক সভার কার্যক্রম পরিচালনা করেন।

| নং | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ** | | |
| | উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। | মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী/ সংযোজনী/ পরিমার্জন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ২. | **উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরে মে, ২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী ঃ** | | |

| নং | বিবরণ | % | (টাকা) |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যানের সম্মানী | | ৪০০০০.০০ |
| ০২ | ভাইস চেয়ারম্যানদের সম্মানী | | ৫৪০০০.০০ |
| ০৩ | আপ্যায়ন ব্যয় | | ৩০০০০.০০ |
| ০৪ | মালি ও ঝাড়ুদারের মজুরি | | ২৬৪০০.০০ |
| সর্বমোট: (মাত্র এক লক্ষ পঞ্চাশ হাজার চারশত টাকা) | | | ১৫০৪০০ .০০ |

সিদ্ধান্তঃ মে, ২০২৩ মাসের আয়-ব্যয়সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং বিধিমতে ব্যয় পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

৩. **বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় স্বাস্থ্য বিভাগের বিভাগীয় অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বলেন যে, কোভিডের ভ্যাকসিন পাওয়া গেছে। ৩য় ও ৪র্থ পর্যায়ের ডোজ প্রদান করা হচ্ছে। ১৮ জুন থেকে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন শুরু হয়েছে। উক্ত কর্মসূচিগুলো বাস্তবায়নে উপজেলা স্বাস্থ্য বিভাগ কাজ করে যাচ্ছে। ইউনিয়ন পর্যায়ে মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে কমিউনিটি ক্লিনিকগুলো কাজ করে যাচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোর জমির দলিল প্রেরণের জন্য তিনি সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করেন। | ১) তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। ২) কমিউনিটি ক্লিনিকগুলোর জমির দলিল প্রেরণের জন্য তিনি সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২ উপজেলা কৃষি বিভাগ ঃ** | | |
| উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি বলেন যে, আউশ ধানের বীজ বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। গাইবান্ধা সদর উপজেলা কৃষকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া কৃষি বিভাগের পক্ষ হতে কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | তার দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখতে, কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা এবং প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করার জন্য জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.৩ উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** | | |
| উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তার দপ্তরে আগত অসুস্থ প্রাণিদের সেবা প্রদান অব্যাহত রয়েছে। পবিত্র ঈদুল আজহা, ২০২৩ উপলক্ষ্যে বাজার মনিটরিং অব্যাহত রয়েছে। অসুস্থ কোরবানীর পশু বাজারে আনতে কৃষকদের নিরুৎসাহিত করা হচ্ছে এবং এ বিষয়ে প্রচার-প্রচারণা চালানো হচ্ছে। কোরবানীর পশুর চামড়া ব্যবস্থাপনার জন্য বাণিজ্য মন্ত্রণালয় হতে নির্দেশনা জারি করা করা হয়েছে। | পবিত্র ঈদুল আজহা, ২০২৩ উপলক্ষ্যে বাজার মনিটরিং জোরদার এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রাণি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.৪ উপজেলা মৎস্য বিভাগ:** | | |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, দেশীয় প্রজাতির মাছ সংরক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। লক্ষীপুর ইউনিয়নে নদীতে কয়েকটি স্থানে কৃত্রিম বাঁধ তৈরি করেছিল। এসব স্থানে অভিযান চালিয়ে বাঁধগুলো ভেঙ্গে দেওয়া হয়েছে। সিনিয়র উপজেলা মৎস্য অফিসের স্ট্যান্ডিং কমিটির সভা আয়োজন করা হয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাইবান্ধা সদর |

চলমান পৃষ্ঠা-২/৫

<table>
<tr><td>৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ</td><td rowspan="2">গৃহীত সিদ্ধান্ত</td><td rowspan="2">বাস্তবায়নকারী</td></tr>
<tr><td>৩.৫ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</td></tr>
<tr><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার জানান তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এরপর তিনি তার বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের পক্ষ হতে সেবা গ্রহীতাদের বিভিন্ন পরামর্শ দেয়া অব্যাহত রয়েছে।</td><td rowspan="2">দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, বিভাগীয় কার্যক্রমে বিভিন্ন পদ্ধতি গ্রহণ ও সক্ষম দম্পতিদেরকে পরামর্শ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো।</td><td rowspan="2">উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাইবান্ধা সদর</td></tr>
<tr><td>৩.৬ উপজেলা এলজিইডি বিভাগ:</td></tr>
<tr><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, গাইবান্ধা সদর উপজেলার এলজিইডি'র অধিভুক্ত রাস্তাগুলো মেরামতকরণের প্রাথমিক প্রক্রিয়া শুরু হয়েছে। ঘাঘট লেক উন্নয়ন প্রকল্পের কাজ শেষ হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে খয়রুজ্জামান আইডিয়াল প্রাথমিক বিদ্যালয়ের কাজ শেষ হয়েছে। এ বিদ্যালয়টি মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনের তালিকায় রয়েছে। চরাঞ্চলে ১২টি টিনসেড স্কুল করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ২০২২-২৩ অর্থবছরে এডিপি ও ইউডিএফের প্রকল্পসমূহের কাজ শেষ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ২০২২-২৩ অর্থবছরের শেষ মুহূর্তে এডিপি'র বিশেষ এবং উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বরাদ্দ দ্বারা গাইবান্ধা সদর উপজেলায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করা হয়েছে-
<table>
<tr><td>(ক)</td><td>লক্ষীপুর-কামারজানী রাস্তা মেরামত</td><td>৩,২৮,০০০.০০</td></tr>
<tr><td>(খ)</td><td>উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল মেরামত (১ম অংশ)</td><td>৫,০০,০০০.০০</td></tr>
<tr><td>(গ)</td><td>উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল মেরামত (২য় অংশ)</td><td>৫,০০,০০০.০০</td></tr>
<tr><td>(ঘ)</td><td>উপজেলা পরিষদের পুকুরে পূর্বপার্শ্বে ঘাটলা ও স্লোব প্রোটেকশন নির্মান</td><td>৫,০০,০০০.০০</td></tr>
<tr><td>(ঙ)</td><td>গাইবান্ধা সদর উপজেলার গরীব জনগনের মাঝে মিশুক ভ্যান সরবরাহ</td><td>২৫,০০,০০০.০০</td></tr>
<tr><td>(চ)</td><td>গাইবান্ধা সদর উপজেলার গরীব জনগনের মাঝে মিশুক ভ্যান সরবরাহ</td><td>২৫,০০,০০০.০০</td></tr>
</table>
উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের ও বিল অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>০১) চরাঞ্চলে ১২টি স্কুল করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারকে সরেজমিনে পরিদর্শনপূর্বক স্কুল নির্বাচনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>০২) ২০২২-২৩ অর্থবছরের এডিপি'র বিশেষ এবং উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ অনুমোদন করা হলো এবং উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের স্বার্থে অর্থছাড় করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো;</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, ও সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর</td></tr>
<tr><td>৩.৭ উপজেলা শিক্ষা অফিস:</td><td></td><td></td></tr>
<tr><td>উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি জানান যে, বর্তমানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে। সারাদেশের ন্যায় গাইবান্ধা সদর উপজেলায় কয়েকদিন ধরে তীব্র গরম অনুভূত হচ্ছে তীব্র তাপদাহের কারণে বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপের খেলা বন্ধ রয়েছে। পবিত্র ঈদুল আজহা, ২০২৩ এর পর খেলা আরম্ভ করা হবে।</td><td rowspan="2">দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করতে এবং নির্দেশনামতো বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপ টুর্নামেন্ট সফলভাবে সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।</td><td rowspan="2">উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।</td></tr>
<tr><td>৩.৮ উপজেলা রিসোর্স সেন্টার ঃ</td></tr>
<tr><td>উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় তার বিভাগীয় অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বলেন উপজেলা রিসোর্স সেন্টার, গাইবান্ধা সদর, গাইবান্ধায় ২০২২-২৩ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দের সকল প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত করা হয়েছে। বর্তমানে আর কোন বরাদ্দ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। সিরাজগঞ্জ জেলার শাহজাহানপুর উপজেলায় সম্প্রতি তার বদলি হয়েছে। ঈদের পর যোগদান করতে হবে। তিনি সকলের নিকট প্রাপ্ত সহযোগিতার কথা স্মরণ করেন এবং দোয়া প্রার্থনা করেন।</td><td>(১) নতুন কর্মস্থলে যোগদানের জন্য তার প্রতি শুভকামনা জানানো হলো<br>(২) উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে বিধি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা</td></tr>
<tr><td>৩.৯ উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ</td><td></td><td></td></tr>
<tr><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (অ:দা:), গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের অগ্রগতি জানা গেল না। তার অনুপস্থিতির বিষয়ে সভায় দুঃখপ্রকাশ করা হলো।</td><td rowspan="2">পরবর্তী সভায় অগ্রগতি প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো।</td><td rowspan="2">উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।</td></tr>
<tr><td>৩.১০ উপজেলা সমাজসেবা অধিদপ্তরঃ</td></tr>
<tr><td>উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় নির্বাচিত উপকারভোগীদের ভাতার টাকা প্রেরণ করা হয়েছে। সকলকে সমাজসেবা অফিসে প্রদত্ত মোবাইল নম্বর সচল রাখার জন্য তিনি অনুরোধ করেন।</td><td>১. সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।</td></tr>
</table>

চলমান পৃষ্ঠা-৩/৫

৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১১ উপজেলা খাদ্য বিভাগ:** | | |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় অনুপিস্থিত থাকায় তার দপ্তরের অগ্রগতি জানা যায় নাই। তার অনুপস্থিতির বিষয়ে দুঃখপ্রকাশ করা হলো এবং পরবর্তী সভায় উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.১২ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের অগ্রগতি জানা গেল না। তার অনুপস্থিতির বিষয়ে সভায় দুঃখপ্রকাশ করা হলো। | পরবর্তী সভায় অগগ্রতি প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.১৩ উপজেলা জনস্বাস্থ্য বিভাগ:** | | |
| উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের অগ্রগতি জানা গেল না। তার অনুপস্থিতির বিষয়ে সভায় দুঃখপ্রকাশ করা হলো। | পরবর্তী সভায় অগগ্রতি প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর,, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, গাইবান্ধা সদর |
| **৩.১৪ উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** | | |
| উপজেলা যুব উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় অনুপিস্থিত থাকায় তার দপ্তরের অগ্রগতি জানা যায় নাই। তার অনুপস্থিতির বিষয়ে দুঃখপ্রকাশ করা হলো এবং পরবর্তী সভায় উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.১৫ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর:** | | |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। অতঃপর তিনি সভায় তার বিভাগীয় অগ্রগতি তুলে ধরেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে সরকারি ঋণ আদায়ের হার বৃদ্ধি, সার্টিফিকেট মামলাসুমহ নিস্পত্তি, বিধিমতে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৬ উপজেলা সমবায় বিভাগ:** | | |
| উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি আরো জানান যে, গাইবান্ধা সদর উপজেলার ১০৬টি সমিতিতে ঋণ বিতরণ করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অধীন গাইবান্ধা সদর উপজেলায় মোট সুবিধাভোগীর সংখ্যা ছিল ১২০ জন। বর্তমানে ব্যারাক ত্যাগকারী ৭০ জন, মৃত ০৯ জন উপকারভোগীর নিকট থেকে কিস্তি আদায় করা সম্ভব হচ্ছে না। তাই তিনি উপজেলা আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পে ঋণ দাদন ও আদায় কমিটির সার্বিক সহযোগিতা কামনা করেন। | সরকারি নির্দেশনামতে অফিস পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর। |
| **৩.১৭ উপজেলা পরিসংখ্যান অফিস:** | | |
| উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় অনুপস্থিত থাকেন। তার অনুপস্থিতির বিষয়ে সভায় দুঃখপ্রকাশ করা হয় এবং পরবর্তী সভায় উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা পরিসংখ্যান তদন্তকারীকে অনুরোধ করা হলো এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর। |
| **৩.১৮ উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:** | | |
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় অনুপস্থিত থাকেন। তার অনুপস্থিতির বিষয়ে সভায় দুঃখপ্রকাশ করা হয় এবং পরবর্তী সভায় উপস্থিতি থাকার জন্য অনুরোধ করা হলো। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৯ সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।** | | |
| ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা সভায় অনুপস্থিত পাওয়া যায়। তার অনুপস্থিতির বিষয়ে দুঃখ প্রকাশ করা হলো। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য এবং তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধ কে অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা। |
| **৩.২০ পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখা:** | | |
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখা, গাইবান্ধা তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভায় জানান। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে ঋণ বিতরণ ও তদানুযায়ী আদায়ের হার বৃদ্ধি করার জন্য এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর |

চলমান পৃষ্ঠা-৪/৫

| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.২১ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিস:** | | |
| উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি নিম্নবর্ণিতভাবে বিগত মাসের বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি তার অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং বিধিমতে ঋণ বিতরণ ও আদায় করার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.২২ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** | | |
| ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান যে, স্ট্যান্ডিং কমিটি সভাগুলো করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া তিনি ওয়েবসাইট হালনাগাদের জন্য অনুরোধ করেন। নতুন করে ৫০,০০,০০০.০০ (মাত্র পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ করেন। উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. স্ট্যান্ডিং কমিটি সভাগুলো নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো এবং এ বিষয়টি নিশ্চিত করতে ইউডিএফকে অনুরোধ করা হলো।<br>২. প্রকল্প বাছাই কমিটির সভা আহবানপূর্বক ৫০,০০,০০০.০০ (মাত্র পঞ্চাশ লক্ষ) টাকা দ্বারা প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সদর, গাইবান্ধা মহোদয়কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ও ইউডিএফ, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.২৩ তথ্য আপা প্রকল্প:** | | |
| উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গাইবান্ধা সদরকে অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা, গাইবান্ধা সদর, গাইবান্ধা |
| **৩.২৪ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ** | | |
| ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তাদের কার্যক্রম স্বাভাবিক আছে মর্মে জানান। চেয়ারম্যান, রামচন্দ্রপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, তার ইউনিয়নে জনস্বাস্থ্য অফিসের নলকূপ বসানোর জন্য ঠিকাদারের বিরুদ্ধে অতিরিক্ত ৩,০০০.০০ টাকা গ্রহণের অভিযোগ রয়েছে। এছাড়া কৃষি অফিসের ভবনগুলো খুবই ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। তিনি যেকোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটার আশঙ্কা প্রকাশ করেন। বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখার জন্য তিনি উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, সাহাপাড়া ইউনিয়ন পরিষদ তার ইউনিয়নে ০১টি নষ্ট এ্যাম্বুলেন্স পরিত্যাক্ত অবস্থায় ইউনিয়ন পরিষদের প্রাঙ্গনে দীর্ঘদিন হলো পরে রয়েছে। যেহেতু তার ইউনিয়ন পরিষদের প্রাঙ্গণ ছোট। তাই পরিষদের আগত সেবাগ্রহীতাদের অবস্থান করা খুবই কষ্টকর হয়ে পরে। ফলে তিনি এই এ্যাম্বুলেন্সটি ওয়ার্কশনে বিক্রয়ের জন্য উপজেলা পরিষদের নিকট হতে অনুমতি প্রার্থনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. তার ইউনিয়ন পরিষদে সেবা গ্রহীতাদের সেবা প্রদান অব্যাহত রাখতে চেয়ারম্যান, ইউপি সকলকে অনুরোধ করা হলো।<br>২. নলকূপ বসানোর জন্য অতিরিক্ত ৩০০০/- টাকা গ্রহণের বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।<br>৩. যেহেতু এ্যাম্বুলেন্সটি ইউনিয়ন পরিষদের নিজস্ব অর্থে ক্রয় করা তাই এ বিষয়ে ইউনিয়ন পরিষদের সিদ্ধান্ত গ্রহণের জন্য চেয়ারম্যান, সাহাপাড়া ইউনিয়ন পরিষদকে পরামর্শ প্রদান করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২৫ স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠান:** | | |
| উপজেলা পরিষদে ১৭টি স্ট্যান্ডিং কমিটিসমূহের উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং সদস্য-সচিব হচ্ছেন বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ। ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত সভা আহবান, কমিটির কার্যবিবরণী প্রস্তুতপূর্বক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের অনুরোধ জানান। | স্ট্যান্ডিং কমিটির সভা আহবান, কার্য বিবরনী প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন বাবদ ৮,০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |
| **৩.২৬ বিবিধ:** | | |
| উপজেলা নির্বাহী অফিসার জানান যে, জুন ২০২৩ মাসে বর্জ্য ব্যবস্থাপনা খাত হতে উপজেলা পরিষদ চত্তর পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ ৯,৬৫০.০০ (মাত্র নয় হাজার ছয়শত পঞ্চাশ) টাকা, টেবিল মেরামত বাবদ ২,৫০০.০০ (মাত্র দুই হাজার পাঁচশত) টাকা,ফগার মেশিনে ব্যবহারের জন্য মশার মারার ওষুধ ক্রয়ের জন্য ১৬,০০০.০০ (মাত্র ষোল হাজার টাকা) সংশ্লিষ্ট সহকারী কর্তৃক ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়সমূহের পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া, ২০২২-২৩ অর্থ বছরের জুলাই, ২০২২ হতে জুন, ২০২৩ পর্যন্ত ১২ (বারো) মাসের মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমণ ভাতা বিল বাবদ ৮৪৫০০.০০ (চুরাশি হাজার পাঁচশত), ভাইস চেয়ারম্যানের ভ্রমন ভাতা বাবদ ৮৩৭৫০.০০ (তিরাশি হাজার সাতশত পঞ্চাশ) এবং চেয়ারম্যান মহোদয়ের ভ্রমন ভাতা বিল বাবদ ১,০৬,৮৭৫.০০ (এক লক্ষ ছয় হাজার আটশত পঁচাত্তর) টাকাসহ ভ্রমণ ভাতা বিল খাতে সর্বমোট ২,৭৫,১২৫.০০ (দুই লক্ষ পঁচাত্তর হাজার একশত পচিশ) টাকা বিল পাওয়া গেছে। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জিপগাড়ির জুন, ২০২৩ মাসের জ্বালানি বিল বাবদ ৩১,৫৭৭.০০ (মাত্র একত্রিশ হাজার পাঁচশত সাতাত্তর) টাকার বিল পাওয়া গেছে। | ১. উপজেলা পরিষদ চত্তর পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ বর্জ্য ব্যবস্থাপনা খাত হতে ৯,৬৫০.০০ (মাত্র নয় হাজার ছয়শত পঞ্চাশ) টাকা, টেবিল মেরামত বাবদ আসবাবপত্র খাত হতে ২,৫০০.০০ (মাত্র দুই হাজার পাঁচশত) টাকা, ফগার মেশিনে ব্যবহারের জন্য মশার মারার ওষুধ ক্রয়ের জন্য মশক নিধন খাত হতে ১৬,০০০.০০ (মাত্র ষোল হাজার টাকা) পরিশোধের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।<br>২. উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমণ ভাতা বিলসমূহ পরিশোধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।<br>৩. উপজেলা পরিষদের জিপগাড়ির জুন ২০২৩ মাসের জ্বালানী বিল ৩১,৫৭৭.০০ (মাত্র একত্রিশ হাজার পাঁচশত সাতাত্তর) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২৭ ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা** | | |
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, কয়েকদিন পূর্বে চেয়ারম্যান, বল্লমঝাড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের মা মারা গেছেন। তাঁর মৃত্যুতে সভায় গভীর শোক প্রকাশ করা হয়। | চেয়ারম্যান, বল্লমঝাড় ইউনিয়ন পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধার মায়ের মৃত্যুতে তাঁর আত্মার শান্তি কামনায় ০১টি মিনিট নীরবতা পালনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পালন করা হয়। | সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |

চলমান পৃষ্ঠা-৫/৫

| | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩. বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ | | |
| ৩.২৭ উপজেলা নির্বাহী অফিসারঃ | | |
| উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য তিনি সকলকে আহবান করেন। তিনি সকলকে আসন্ন ঈদুল আজহা, ২০২৩ এর শুভেচ্ছা জানান। | সকলকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| ৩.২৮ চেয়ারম্যান, উপজেলা পরিষদঃ | | |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও সভাপতি, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান সভায় বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। ধারাবাহিকভাবে আলোচিত বিষয়সমূহ বাস্তবায়নের জন্য তিনি সকলকে অনুরোধ করেন। | ধারাবাহিক আলোচিত বিষয়সমূহের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে আসন্ন ঈদুল আজহা, ২০২৩ এর শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাহ সারোয়ার কবীর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক সাধারণ সভা
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা
www.gaibandhasadar.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২২৪.০০১.০৬.০০১.১৯.৭১৪

তারিখ ঃ ১২ আষাঢ় ১৪৩০ / ২৬ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জনাব মাহাবুব আরা বেগম গিনি, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩০, গাইবান্ধা-০২, গাইবান্ধা সদর ও মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, উত্তর পূর্ব ব্লক, কক্ষ নং-২২৩-২২৫, লেভেল-০২, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৬। উপপরিচালক (উপপরিচালক), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৯। উপজেলা.......................................অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১০। চেয়ারম্যান,..........................................ইউপি (সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১১। অফিস কপি।

(মোঃ শরীফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।